

মন্ত্রিপরিষদ বিভাগের জানুয়ারি ২০১৭ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: জানুয়ারি ২০১৭

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০১৭

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	২৪৯	১৯৯	৫০
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৬৪	৯০৬	২২১
মোট	১,৫১৩	১,১০৫	২৭১

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদুর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৫	১৬	১২	১৭	৫০
দুর্নীতি দমন কমিশন	-	-	৪৩	৩৪	১৪১	০৩	২২১*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১। ১১ জানুয়ারি ২০১৭ তারিখ সরকারি সফরে মানিকগঞ্জ জেলা পরিদর্শন করেন। ২। ২১ জানুয়ারি ২০১৭ তারিখ সরকারি সফরে চট্টগ্রাম জেলা পরিদর্শন করেন। ৩। ২৬-২৮ জানুয়ারি ২০১৭ মেয়াদে সরকারি সফরে হবিগঞ্জ জেলা পরিদর্শন করেন।	-	
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	-

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৫.৮৬	২.৮৪ (৪৮.৪৭ শতাংশ)	-	-	-
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	সর্বমোট ৮.১৩ ডিপিএ: ৮.০৯ জিওবি: ০.০৪	ব্যয়: ১.৪৫১২ টাকা (১৭.৮৫ শতাংশ)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১৯.৭২ জিওবি: ০.৩৩	৮.৭৫ (৪৩.৬৪ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পুরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	-	-	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষকদল কর্তৃক চারটি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে একটি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট তিনটি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। উক্ত আপত্তি চারটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ৫ অক্টোবর ২০১৫ তারিখে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়, কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। এ ছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে সাতটি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা টাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকণীয় দ্বীপাঞ্চল দুর্নীতি দমন কমিশন	১৬টি	২৮১.৬৬	-	-	১৬টি	ত্রিপর্যায় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
মোট	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	৩১টি	৯৮৩.৫১৪	০৪	১	৩১টি	-

খ. অডিট রিপোর্টে গুরুত্ব/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	-
দুর্নীতি দমন কমিশন-১১	-	-	-	-	১১	১১

* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	General Management Programme for Senior Executives Course Session 128 স্থান: ভারত	০৯ জানুয়ারি- ০২ ফেব্রুয়ারি ২০১৭	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	এক জন সিনিয়র সহকারী সচিব
দুর্নীতি দমন কমিশন	১।	রিফ্রেশার্স কোর্স ২০১৬	১৫-১৯ জানুয়ারি ২০১৬	দুর্নীতি দমন কমিশন	২০ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: একজন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে নিকার-এর ১১৩তম সভা, মন্ত্রিসভার তিনটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা পাঁচটি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দু'টি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দু'টি, চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির একটি এবং প্রশাসনিক উন্নয়নসংক্রান্ত সচিব কমিটির দু'টি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ২৮টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ৪টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ২৪টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

- (৩) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর-ডিসেম্বর ২০১৬) মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করা হয়।
- (৪) ২৬ জানুয়ারি ২০১৭ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৩০টি সিদ্ধান্ত গৃহীত হয়।
- (৫) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত সাতটি পত্র জারি করা হয়।
- (৬) মন্ত্রিপরিষদ বিভাগের ২০০৯-১০ থেকে ২০১৬-১৭ অর্থ-বছরসমূহের বাজেটে ঘোষিত গুরুত্বপূর্ণ কার্যক্রম/কর্মসূচির এবং ২০১৬-১৭ অর্থ-বছরের ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর) অগ্রগতি প্রতিবেদন ২৪ জানুয়ারি ২০১৭ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়।
- (৭) মন্ত্রিপরিষদ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদিত হালনাগাদকৃত মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF); ২০১৬-১৭ অর্থ-বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (অনুন্নয়ন ও উন্নয়ন); ২০১৭-১৮ অর্থ-বছরের প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ-বছরের প্রক্ষেপণ প্রণয়ন করে ২ জানুয়ারি ২০১৭ তারিখে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।
- (৮) কর ব্যতীত রাজস্ব (Non Tax Revenue) ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর রাজস্ব (Non-NBR Tax Revenue) আয়ের সংশোধিত প্রাক্কলন এবং প্রক্ষেপণ প্রণয়ন করে ২৬ জানুয়ারি ২০১৭ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়।
- (৯) স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পুনর্গঠন করে জননিরাপত্তা বিভাগ এবং সুরক্ষা সেবা বিভাগ নামে দুটি বিভাগ গঠন এবং গঠিত বিভাগ দুটির কার্যতালিকা নির্ধারণ করে ১৯ জানুয়ারি ২০১৭ তারিখে এস.আর.ও জারি এবং বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।
- (১০) দশম জাতীয় সংসদের গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ) আসনের সংসদ-সদস্য এবং বিশিষ্ট রাজনীতিবিদ মনজুরুল ইসলাম লিটন ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে কতিপয় দুর্বৃত্ত কর্তৃক নিহত হন (ইন্সালিগ্লাহে ... রাজিউন)। জনাব মনজুরুল ইসলাম লিটনের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রুহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৯ পৌষ ১৪২৩/০২ জানুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ০৪ জানুয়ারি ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।
- (১১) বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপিল বিভাগের বিচারপতি মোহাম্মদ বজলুর রহমান ১ জানুয়ারি ২০১৭ তারিখে ইন্তেকাল করেন (ইন্সালিগ্লাহি...রাজিউন)। বিচারপতি মোহাম্মদ বজলুর রহমানের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৯ পৌষ ১৪২৩/০২ জানুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ৪ জানুয়ারি ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।
- (১২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮(১) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে নিবন্ধিত রাজনৈতিক দলসমূহের সঙ্গে অনুষ্ঠিত রাষ্ট্রপতির আলোচনার পরিপ্রেক্ষিতে প্রধান নির্বাচন কমিশনার বা অন্য কোন নির্বাচন কমিশনার নিয়োগের লক্ষ্যে রাষ্ট্রপতির নিকট সুপারিশ প্রদানের জন্য একটি অনুসন্ধান কমিটি গঠন করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৫ জানুয়ারি ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।
- (১৩) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা Annual Meeting of the 'World Economic Forum (WEF) 2017'-এ যোগদানের লক্ষ্যে ১৫ জানুয়ারি ২০১৭ তারিখ রবিবার ২১.৪৫ ঘটিকায় ইতিহাদ এয়ারওয়েজের EY-253 ফ্লাইটযোগে সরকারি সফরে সুইজারল্যান্ডের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।
- (১৪) সাবেক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রী, সংসদ-সদস্য এবং রাষ্ট্রদূত মোস্তফা ফারুক মোহাম্মদ ৪ জানুয়ারি ২০১৭ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্সালিগ্লাহি... রাজিউন)। সাবেক মন্ত্রী মোস্তফা ফারুক মোহাম্মদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রুহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৬ পৌষ ১৪২৩/০৯ জানুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১১ জানুয়ারি ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।
- (১৫) সিলেট জেলার বালাগঞ্জ উপজেলাধীন ডিএন উচ্চবিদ্যালয় ভোট কেন্দ্রে জেলা পরিষদ নির্বাচনের ভোটগ্রহণকালে উপজেলা পরিষদ চেয়ারম্যান, বালাগঞ্জের সঙ্গে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সিলেটের বাদানুবাদ সংক্রান্ত ঘটনা ও উদ্ভূত পরিস্থিতি সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, আইন ও বিচার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) গাইবান্ধা এবং নেত্রকোণা জেলার স্পর্শকাতর ঘটনা সংশ্লিষ্ট প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০১ জানুয়ারি ২০১৭ তারিখে সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) সংযুক্ত আরব আমিরাতের আটক বাংলাদেশি নাগরিককে স্বদেশে ফেরত পাঠানো এবং ডিপ্লোমেটিক ব্যাগে পত্র/তথ্য প্রেরণ সংক্রান্ত বিষয়ে মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, সংযুক্ত আরব আমিরাত এবং সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) বাংলাদেশ জাতীয় সংসদ ২৯-গাইবান্ধা-১ আসনের মাননীয় সংসদ-সদস্য জনাব মঞ্জুরুল ইসলাম লিটনকে লক্ষ্য করে দুষ্কৃতকারী কর্তৃক গুলি করে আহত করা এবং চিকিৎসার জন্য রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক কর্তৃক তাঁকে মৃত ঘোষণা করা সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় এবং সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) অজ্ঞাতনামা কতিপয় দুষ্কৃতকারী কর্তৃক জেলা নির্বাচন অফিস, শেরপুরের নিচতলার স্টোর রুম (গোডাউন)-এর পেছনের জানালার কাঁচ ভেঙ্গে অগ্নিসংযোগ করা হলে ২৮০টি স্বচ্ছ ব্যালট বাক্স বিনষ্ট হয় এবং এর ফলে আনুমানিক ৮ লক্ষ ৪০ হাজার টাকার সরকারি সম্পত্তির ক্ষতিসাধন সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এবং সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল বিজিবি হেডকোয়ার্টারের সদস্য ও স্থানীয় মাইক্রোবাস/পিকআপ ড্রাইভার এবং ব্যবসায়ীদের মধ্যে সংঘটিত সংঘর্ষের বিষয়ে জেলা প্রশাসক, মৌলভীবাজার কর্তৃক প্রেরিত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) মিয়ানমার জেল হাজতে আটক বাংলাদেশি নাগরিককে স্বদেশে ফেরত আনার আবেদন এবং ডিপ্লোমেটিক ব্যাগে পত্র প্রেরণ সংক্রান্ত বিষয়ে মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, ইয়াংগুন, মিয়ানমার এবং সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) Woven Poly-Propylene(WPP) ব্যাগের উৎপাদন ও ব্যবহার নিয়ন্ত্রণের লক্ষ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১১ জানুয়ারি ২০১৭ তারিখে সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) কারাগারে আটক শিশু-কিশোরদের অবস্থার উন্নয়নের লক্ষ্যে গঠিত জাতীয় টাস্কফোর্স কমিটির ১৯তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী পরিচালক, অপরাধেয় বাংলাদেশ; চিফ চাইল্ড প্রটেকশন সেকশন, ইউনিসেফ; সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়; সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়; সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ, নরসিংদী, মানিকগঞ্জ, রাজবাড়ী, কক্সবাজার, নোয়াখালী, ফেনী, চাঁদপুর, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, পঞ্চগড়, দিনাজপুর, ঠাকুরগাঁও, গাইবান্ধা, বাগেরহাট, চুয়াডাঙ্গা, বরিশাল, ভোলা, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠি, হবিগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর ও শেরপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর নিজস্ব প্রকল্পের মাধ্যমে এবং সংশ্লিষ্ট সকলের সহায়তা নিয়ে বিধি-বহির্ভূতভাবে অনুপ্রবেশকারী মিয়ানমারের নাগরিক চিহ্নিত করে আগামী তিন মাসের মধ্যে একটি পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রস্তুত করার জন্য সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) বনজ সম্পদ সংরক্ষণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়; সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়; জেলা প্রশাসক, কক্সবাজার, বান্দরবান এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৬) মিয়ানমার নাগরিকদের কক্সবাজার থেকে অন্যত্র স্থানান্তর সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৭) বাংলাদেশ মিয়ানমার সীমান্তে কাঁটা তারের বেড়া নির্মাণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৮) ঢাকা জেলার সাভার উপজেলাধীন আশুলিয়া জিরাবো এলাকায় অবস্থিত কালার ম্যাক্স (বিডি) লি: (গ্যাস লাইটার তৈরির কারখানা)-এ সংঘটিত অগ্নিকাণ্ডের বিষয়ে তদন্ত প্রতিবেদনের ওপর যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, সচিব, জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৯) সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলাধীন মইটা টিল্লয় অবৈধভাবে পাথর উত্তোলনকালে শ্রমিক হতাহত সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩০) নবীগঞ্জ উপজেলাধীন ইমাম-বাওয়ানী চা-বাগানের শ্রমিকদের মজুরি পরিশোধ না করায় বিরাজমান শ্রমিক অসন্তোষ সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৬ জানুয়ারি ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সচিব, বাণিজ্য মন্ত্রণালয় এবং সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩১) গ্রাম আদালতসমূহের মামলা নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৯ জানুয়ারি ২০১৭ তারিখে জেলা প্রশাসক, কুমিল্লা এবং জেলা প্রশাসক, সিরাজগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩২) কক্সবাজারে অগ্নিকাণ্ডে নিহত ও ক্ষতিগ্রস্ত পরিবারের তথ্য সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, দুর্ঘটনা ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) হবিগঞ্জ জেলার চুনাবাড়ি উপজেলাধীন ঢাকা-সিলেট মহাসড়কে দুর্ঘটনা সম্পর্কিত ঘটনার প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৪) খাগড়াছড়ি পার্বত্য জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা সংক্রান্ত জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা কর্তৃক প্রেরিত প্রতিবেদন বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ৩০ জানুয়ারি ২০১৭ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৫) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় এফআরটি ০৬ জন, চার্জশিট ১৬ জন, বিবিধ মামলায় ০২ জন এবং নথিভুক্তির জন্য ৮০জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয় অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

(৩৬) বিভিন্ন আইনে ২১জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৩৭) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ ডিসেম্বর ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এ জন্য প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের Key Performance Indicators (KPI)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(৩৮) ‘বঙ্গবন্ধু শেখ মুজিব আন্তর্জাতিক বিমানবন্দর প্রকল্পের বিস্তারিত সম্ভাব্যতা সমীক্ষা’ শীর্ষক প্রকল্পের বিষয়ে সাইট সার্ভে করণের লক্ষ্যে যাতায়াত, পরিদর্শন ও অবস্থানকৃত স্থানে পরামর্শক প্রতিষ্ঠান-NIPPON DOEI CO, LTD-এর জাপানি পরিদর্শকগণকে স্থানীয়ভাবে নিরাপত্তা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, ঢাকা, মুন্সীগঞ্জ এবং মানিকগঞ্জকে অনুরোধ করা হয়।

(৩৯) Internal Study Tour (IST-1)-National Defence Course (NDC)-2017-এর বিষয়ে প্রয়োজনীয় সহায়তা/সাপোর্ট প্রদানের বিষয়ে বিভাগীয় কমিশনার, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর বিভাগ এবং জেলা প্রশাসক, খুলনা, যশোর, বরিশাল, ভোলা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, নীলফামারী, ঠাকুরগাঁও ও পঞ্চগড়কে অনুরোধ করা হয়।

(৪০) জনাব মোঃ সাইদুর রহমান, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২৫-২৬ আগস্ট ২০১৬ মেয়াদে মৌলভীবাজার জেলা; জনাব হাবিবুর রহমান, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২১ আগস্ট ২০১৬ তারিখে মৌলভীবাজার জেলার জুড়ি উপজেলা; জনাব আলতাফ হোসেন সেখ, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১৭ নভেম্বর ২০১৬ তারিখে সাতক্ষীরা জেলার তালা উপজেলা; জনাব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২৭ অক্টোবর ২০১৬ তারিখে সিলেট জেলার সদর উপজেলা; জনাব মোহাম্মদ কায়কোবাদ খন্দকার, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ০১ নভেম্বর ২০১৬ তারিখে সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলা পরিদর্শন করে একটি করে প্রতিবেদন দাখিল করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৪১) বিবেচ্য মাসে মাঠপ্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২০জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১৫জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

- (৪২) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ডিসেম্বর দ্বিতীয় ও জানুয়ারি প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৪৩) বাল্যবিবাহ নিরোধের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়।
- (৪৪) মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার খাসজমি বন্দোবস্তের বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজারকে অনুরোধ করা হয়।
- (৪৫) পিরোজপুর জেলা প্রশাসকের কার্যালয়ে 'জেলা প্রশাসকের কার্যালয়' শীর্ষক নামফলক ব্যবহারে নিষেধাজ্ঞা প্রত্যাহারের বিষয়ে আইন ও বিচার বিভাগে পত্র প্রেরণ করা হয়।
- (৪৬) মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় একটি কারিগরি স্কুল ও কলেজ প্রতিষ্ঠা এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অ্যাম্বুলেন্স বরাদ্দের জন্য যথাক্রমে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।
- (৪৭) সড়ক ও মহাসড়কের দু'পাশে বনজ বৃক্ষের পাশাপাশি ফলদ ও ঔষধি বৃক্ষ রোপণ এবং সামাজিক বনায়ন চুক্তির মেয়াদ বর্ধিতকরণের বিষয়ে জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৪৮) ভারত প্রত্যাগত শরণার্থীদের প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সংক্রান্ত টাস্কফোর্সের বিষয়ে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৪৯) যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উদযাপনের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৫০) খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার রঘুনাথপুর পুলিশ তদন্ত কেন্দ্রকে পূর্ণাঙ্গ থানায় উন্নীতকরণের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।
- (৫১) জেলা প্রশাসকগণের অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে মতামত প্রদানের বিষয়ে সম্মানিত উপদেষ্টা বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৫২) সীমান্ত এলাকায় Base Transceiver Station (BTS) স্থাপনে তৈরিকৃত খসড়া নির্দেশিকার বিষয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে মতামত প্রেরণ করা হয়।
- (৫৩) বীর মুক্তিযোদ্ধাগণের তথ্য যাচাই-বাছাই কার্যক্রমে সহযোগিতা প্রদানের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৫৪) ৩৭-তম বিসিএস-এর লিখিত পরীক্ষা পরিচালনা জন্য পরিচালনা কমিটি গঠনের বিষয়ে চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুরের জেলা প্রশাসকগণকে পত্র প্রেরণ করা হয়।
- (৫৫) সিলেটের বিভাগীয় কমিশনারের কার্যালয় কর্তৃক গৃহীত 'সমন্বিত উন্নয়ন উদ্যোগ' বাস্তবায়নের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৫৬) ঝালকাঠি জেলার সদর উপজেলার প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের অকেজো থেরাপি যন্ত্রপাতি মেরামত ও প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ এবং প্রতিবন্ধী পার্ক স্থাপনের বিষয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৫৭) মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২০১৭ উদযাপন উপলক্ষে বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানসমূহে সার্বিক আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৫৮) জনপ্রশাসন পদক, ২০১৭-এর মনোনয়ন আহ্বানের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৫৯) সমন্বয় অনুবিভাগের সম্প্রসারণ প্রস্তাবের জন্য নতুন অর্গানোগ্রাম এবং কর্মবন্টন প্রস্তুত করা হয়।

- (৬০) International Conference on CRVS 2017-এর প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় বাজেট সংস্থানের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য পরিকল্পনা ও বাজেট শাখাকে অনুরোধ করা হয়।
- (৬১) ২৩ জানুয়ারি সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যের কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।
- (৬২) ‘Technical Support Project CRVS System Improvement in Bangladesh’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় বিভিন্ন তারিখে স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল এবং শহীদ সোহরাওয়ার্দি মেডিকেল কলেজ ও হাসপাতালে ‘Medical Certification on Cause of Death (MCCoD)’ শীর্ষক প্রশিক্ষণ এবং গাজীপুরস্থ কালিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ‘Verbal Autopsy Training for Health and Family Planning Field Assistants’ শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।
- (৬৩) ২৪ জানুয়ারি বিসিএস কর্মকর্তাগণের বিভিন্ন কোর্সে ‘National Social Security Strategy (NSSS)’ অন্তর্ভুক্ত করার সম্ভাব্যতা বিষয়ক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।
- (৬৪) ১৯ জানুয়ারি ইস্তাম্বুল কর্ম-পরিকল্পনা (Istanbul Programme of Action-IPoA) বাস্তবায়ন সংক্রান্ত ‘সমন্বয় ও পরিবীক্ষণ কমিটি’-এর দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়।
- (৬৫) ১৫ জানুয়ারি International Conference on CRVS 2017 বাস্তবায়ন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।
- (৬৬) ১৫ জানুয়ারি ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিটের কাঠামো পুনর্বিন্যাসপূর্বক ‘কর্মসম্পাদন ব্যবস্থাপনা, সেবা উন্নয়ন ও সমন্বয় ইউনিট’ নামে পুনর্গঠনের প্রস্তাব সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।
- (৬৭) ১০ জানুয়ারি ২০১৭ তারিখে প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার ও উত্তম চর্চার ওপর ভিডিও ডকুমেন্টারি বহুল প্রচারের জন্য ভিডিও সিডি’র কপি সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে অনুরোধ জানানো হয়।
- (৬৮) ০৪-০৫ জানুয়ারি মেয়াদে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের, ১৭-১৮ জানুয়ারি মেয়াদে ভূমি মন্ত্রণালয়ের এবং ২৭-২৯ জানুয়ারি মেয়াদে কৃষি মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়ন সংক্রান্ত ল্যাব অনুষ্ঠিত হয়।
- (৬৯) ২২ জানুয়ারি ‘Regional Conference on Government Performance Management System’ শীর্ষক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
- (৭০) মন্ত্রণালয়/বিভাগসমূহে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত অধিশাখা/শাখা সৃজন করার জন্য অনুরোধ করে সকল মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব-কে অনুরোধ করা হয়।
- (৭১) মাঠপর্যায়ের অফিসসমূহে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নিয়োগের জন্য সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসককে অনুরোধ করা হয়।
- (৭২) ২৪ জানুয়ারি Workshop on EIPM (Evidence Informed Policy Making) Guidelines আয়োজন করা হয় এবং এ বছর দ্বিতীয় পর্যায়ে ‘Building Capacity for the Use of Research Evidence (BCURE)’ প্রকল্পের প্রথম ব্যাচের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।
- (৭৩) ‘Technical Support for CRVS System Improvement in Bangladesh’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের কোড বরাদ্দের জন্য সিনিয়র সচিব, অর্থ বিভাগকে অনুরোধ করা হয়।
- (৭৪) ‘Technical Support for CRVS System Improvement in Bangladesh’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি ২০১৬-১৭ অর্থ-বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে অন্তর্ভুক্তির জন্য সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগকে অনুরোধ করা হয়।
- (৭৫) ‘Technical Support for CRVS System Improvement in Bangladesh’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়।
- (৭৬) ০৮ জানুয়ারি স্বাধীনতা পুরস্কার, ২০১৭-এর জন্য প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়।

গ. আগামী দুই (ফেব্রুয়ারি-মার্চ) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

- (১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।
- (২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।
- (৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।
- (৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
- (৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।
- (৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
- (৭) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।
- (৮) জানুয়ারি ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৫ মাস পর্যন্ত সময়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের বিজ্ঞপ্তি, কার্যবিবরণী ও সারসংক্ষেপসমূহ বই আকারে বাঁধাই সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করা।
- (৯) 'Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।
 - (১০) জেলাসদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৮২তম সভা অনুষ্ঠান।
 - (১১) সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান।
 - (১২) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা।
 - (১৩) 'Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রকল্প প্রস্তাব প্রণয়ন।
 - (১৪) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা।
 - (১৫) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত 'কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি'-এর সভা অনুষ্ঠান।

(মুহাম্মাদ আসাদুল হক)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report_sec@cabinet.gov.bd